# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩১৫

১৪/ ক্রয় বিক্রয় (كتاب البيوع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ শরীকানা ভুমির কোন শরীক যদি তার হিস্যা বিক্রি করতে চায়।

باب مَا جَاءَ فِي أَرْضِ الْمُشْتَرَكِ يُرِيدُ بَعْضُهُمْ بَيْعَ نَصِيبِهِ

---

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ خَشْرَمٍ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، عَنْ سَعِيدٍ، عَنْ قَتَادَةَ، عَنْ سُلَيْمَانَ الْيَشْكُرِيِّ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّ نَبِيَّ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " مَنْ كَانَ لَهُ شَرِيكٌ فِي حَائِطٍ فَلاَ يَبِيعُ نَصِيبَهُ مِنْ ذَلِكَ حَتَّى يَعْرِضَهُ عَلَى شَرِيكِهِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ إِسْنَادُهُ لَيْسَ بِمُتَّصِلٍ . سَمِعْتُ مُحَمَّدًا يَقُولُ سُلَيْمَانُ الْيَشْكُرِيُّ يُقَالُ إِنَّهُ مَاتَ فِي حَيَاةِ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ . قَالَ وَلَمْ يَسْمَعْ مِنْهُ قَتَادَةُ وَلاَ أَبُو بِشْرٍ . قَالَ مُحَمَّدٌ وَلاَ نَعْرِفُ لأَحَدٍ مِنْهُمْ سَمَاعًا مِنْ سُلَيْمَانَ الْيَشْكُرِيِّ إِلاَّ أَنْ يَكُونَ عَمْرُو بْنُ دِينَارٍ فَلَعَلَّهُ سَمِعَ مِنْهُ فِي حَيَاةِ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ . قَالَ وَإِنَّمَا يُحَدِّثُ قَتَادَةُ عَنْ صَحِيفَةِ سُلَيْمَانَ الْيَشْكُرِيِّ وَكَانَ لَهُ كِتَابٌ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ . حَدَّثَنَا أَبُو بَكْرٍ الْعَطَّارُ عَبْدُ الْقُدُّوسِ قَالَ قَالَ عَلِيُّ بْنُ الْمَدِينِيِّ قَالَ يَحْيَى بْنُ سَعِيدٍ قَالَ سُلَيْمَانُ التَّيْمِيُّ ذَهَبُوا بِصَحِيفَةِ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ إِلَى الْحَسَنِ الْبَصْرِيِّ فَأَخَذَهَا أَوْ قَالَ فَرَوَاهَا وَذَهَبُوا بِهَا إِلَى قَتَادَةَ فَرَوَاهَا وَأَتَوْنِي بِهَا فَلَمْ أَرْوِهَا . يَقُولُ رَدَدْتُهَا .

বাংলা

১৩১৫. আলী ইবনু খাশরাম (রহঃ) ...... জাবির ইবনু আবদুল্লাহ্ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কোন বাগানে যদি কোন শরীক থাকে তবে শরীকের কাছে প্রস্তাব পেশ না করা পর্যন্ত সে যেন তার হিস্যা বিক্রি না করে। - ইরওয়া ৫/৩৭৩, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩১২ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এ হাদীসটির সনদ মুত্তাসল নয়। মুহাম্মাদ আল বুখারী (রহঃ) কে বলতে শুনেছি যে, জাবির ইবনু আবদুল্লাহ্ রাদিয়াল্লাহু আনহু এর জীবদ্দশায়ই সুলায়মান ইয়াশকুরী মারা যান বলে বলা হয়। তাঁর

নিকট থেকে কাতাদা এবং আবূ বিশর কিছু শুনেন নি। মুহাম্মাদ আরো বলেন, আমর ইবনু দ্বীনার ছাড়া এরা কেউ সুলায়মান আল-ইয়াশকুরী (রহঃ) থেকে কিছু শুনেছেন বলে আমরা জানি না। আমর ইবনু দ্বীনার (রহঃ) মুলত সুলায়মান ইয়াশকুরী (রহঃ)-এর পান্ডলিপি থেকে রিওয়ায়াত করেন। তাঁর নিকট জাবির ইবনু আবদুল্লাহ্ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত একটি কিতাব ছিল।

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আবূ বকর আত্তার (রহঃ) আলী ইবনুল মাদীনী থেকে রিওয়ায়াত করেছেন যে, আলী ইবনুল মাদীনী (রহঃ) বলেন, ইয়াহইয়া ইবনু সাঈদ বলেছেন যে, সুলায়মান আত-তায়মী বলেছেন, জাবির ইবনু আবদুল্লাহ্ রাদিয়াল্লাহু আনহু এর পুস্তিকাটি নিয়ে তারা (হাদীস বর্ণনাকারীরা) হাসান বাসরী-(রহঃ) এর কাছে গেলে তিনি তা গ্রহণ করেছেন; তারা তা নিয়ে কাতাদা (রহঃ)-এর কাছে গেলে তিনিও তা রিওয়ায়াত করেছেন, অনন্তর তারা আমার কাছে এলো কিন্তু আমি তা রিওয়ায়াত করিনা।

## English

Narrated Jabir bin ‘Abdullah :

That Allah's Prophet (ﷺ) said: "Whoever has a partner in an orchard, then he is not to sell his share of that until he proposes that to his partner."

[Abu 'Eisa said:] The chain of this Hadith is not connected. I heard Muhammad bin Isma'il saying: It is said that "Sulaiman Al-Yashkuri died during the lifetime of Jabir bin 'Abdullah." He said: "And Qatadah did not hear from him, nor did Abu Bishr." Muhammad said: "We do not know of any of them hearing from Sulaiman Al-Yashkuri except that 'Amr bin Dinar possibly heard from his during the lifetome of Jabir bin 'Abdullah." He said: "Qatadah only narrated from a writing of Sulaiman Al-Yashkuri, and he has a book from Jabir bin 'Abdullah."

Abu Bakr Al-'Attar 'Abdul Quddus narrates to us, he said: " 'Ali bin Al-Madini said: 'Yahya bin Sa'eed said: "Sulaiman At-Taymi said: 'They went with the book of Jabir bin 'Abdullah to Al-Hasan Al-Basri and he took it' - or he said - 'and they reported it. Then they took it to Qatadah and reported it, so they gave it to me but I did not report it [he said: 'I refused it'] This was narrated to us by Abu Bakr Al-'Attar from 'Ali bin Al-Madini.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21733

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন